গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাগনভূঞা, ফেনী।
www.daganbhuiyan.feni.gov.bd

স্মারক নং-৩১.২০.৩০১৫.০০২.১৬.০০৩.২৪- ৫৭

তারিখ: ০২ মাঘ ১৪৩০ / ১৬ জানুয়ারি ২০২৪

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী দাগনভূঞা উপজেলাধীন নিম্নোক্ত তফসিলে বর্নিত জলমহালসমূহের ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত অধিশাখা-১ এর ১৮/১২/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)৪৮ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচী, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক আবেদন আহবান কারা যাচ্ছে।

<u>সময়সূচি</u>

| ক্রমিক নং | আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল । |
|---|---|---|
| ০১. | ২৩/০১/২০২৪ থেকে ১৬/০২/২০২৪ | ১৮/০২/২০২৪ থেকে ২০/০২/২০২৪<br>(অফিস চলাকালীন সময়ে) |

"১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য"

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজার নাম | খতিয়ান | দাগ নং | আয়তন | সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | বাথানিয়া পুকুর | ২৭ নং জয়নারায়নপুর | ০১ | ২৪১৬ | ০.৭২০০ | ১৫,১২৫/- | |
| ০২. | চন্ডিতলা দিঘী | ২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর | ০১ | ১৮৬ | ১.৮৭০০ | ১৫,০০০/- | |
| ০৩. | জয়নারায়নপুর পাদুয়া দিঘী | ২৭ নং জয়নারায়নপুর | ০১ | ১০০৩ | ১.৫৩ | ১,৩৮,৬০০/- | |
| ০৪. | ওমাখার দিঘী | ২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর | ০১ | ১৪০৬ | ১.১৯ | ৮২,৮০০/- | |
| ০৫. | ব্যাপারী পুকুর | ২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর | ০১ | ৩৫৯ | ০.৬৩০০ | ৬,৩০০/- | |
| ০৬. | ডুমুরিয়া ব্লক ফিশারি | ১৬ নং দিলপুর<br>১৫ নং শরিফপুর<br>২৭ নং গণিপুর<br>২৮ নং রাজাপুর | ০১ | ১৬০৩<br>১০০৭<br>৪৩৮<br>২২১ | ০.৮৭<br>৩.৩৮<br>৬.০২<br>৯.৭৩<br>২০.০০ | ৯৯,৩০০/- | |
| ০৭. | আবদুল নবী খাস পুকুর | ২০ নং আবদুল নবী | ০১ | ১৪৭ হাল ৩১৫ | ০.২২০০ | ৬,০০০/- | |
| ০৮. | জয়নারায়নপুর খাস পুকুর | ২৭ নং জয়নারায়নপুর | ০১ | ৪১৫ | ০.২১০০ | ৩,০০০/- | |
| ০৯. | সমাসপুর খাস পুকুর (ঋষি পুকুর) | ২১ নং সমাসপুর | ০১ | ৩৪২৯ | ১.০০ | ৪৮,০০০/- | |
| ১০. | ছাচিরাম পুকুর | ২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর | ০১ | ৩২৪ | ২.১৯ | ১৫,০০০/- | |
| ১১. | শকুনতলা দিঘী | ২৪ নং পশ্চিম রামচন্দ্রপুর | ০১ | ৯২৫ | ০.৯৪০০ | ১১,০২৫/- | |
| ১২. | মাতুভূঞা বাজার পুকুর | ৭০ নং মমারিজপুর | ০১ | ১৯৩ হাল ১৮৮ | ০.৫৫০০ | ৭৬,৫০০/- | |

<u>জলমহাল ইজার সংক্রান্ত আবেদন দাখিল/প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সংযুক্ত কাগজপত্রাদির চেকলিস্ট</u>

০১.সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ১৪ মার্চ ২০১২খ্রিঃ তারিখের সংশোধনী অনুযায়ী নিম্নবর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক জলমহাল ইজারার সাধারণ আবেদন দাখিল করতে হবে।

(ক) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি;

(খ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি;

(গ) মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র;

(ঘ) মৎস্যজীবী পরিচয়পত্র (এফআইডি কার্ড) (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঙ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যায়নপত্র;

(চ) সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যায়নপত্র;

(ছ) সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন, থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা;

(জ) উপজেলা নির্বাহী অফিসার,দাগনভূঞা, ফেনীর অনুকূলে প্রস্তাবিত ইজারামূল্যের ২০% জামানত বাবদ তফসিল ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার এর কপি প্রদান করতে হবে। জামানতের টাকা ৩য় বছরের ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে।

(ঝ) সমিতির গঠনতন্ত্র;

(ঞ) সমিতির সভার কার্যবিবরণী;

(ট) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে);

(ঠ) অডিট রিপোর্ট: (প্রয়োজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে। নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণকের দরকার হবে না।

(ড) প্রতিটি সিডিউল ক্রয়ের জন্য নির্ধারিত কোডে ৫০০/-(পাঁচশত) টাকা চালান মূলে জমা প্রদান করতে হবে। (জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১) জমা প্রদান করতে হবে।

০২. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

০৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.daganbhuiyan.feni.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

০৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েব পোর্টাল ও জেলা প্রশাসকের কার্যালয়ে নোটিশ বোর্ড হতে জানা যাবে।

০৫. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা বদ্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

০৬. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৭. বছরভিত্তিক ইজারা মূল্য পরিশোধ করতে হবে।

০৮. সর্বোচ্চ দরতার দরপত্র গ্রহণ করা হবে। দরপত্রে অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ১ম বছরের ইজারা মূল্যে পরিশোধ করতে হবে।

০৮. ইজারা প্রাপ্ত ব্যক্তি বা সংগঠন কোন অবস্থাতেই ইজারা প্রাপ্ত জলাশয় সম্পূর্ণ কিংবা আংশিক সাব লীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠির নিকট হস্তান্তর করতে পারবে না।

০৯. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/প্রতিষ্ঠান দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পবেন না।

১০. জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ম অনুযায়ী ইজারা গ্রহীতাকে ভ্যাট ও আয়কর জমা দিতে হবে।

১১. কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০২/২০২৪

নিবেদিতা চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দাগনভূঞা, ফেনী।

স্মারক নং-৩১.২০.৩০১৫.০০২.১৬.০০৩.২৪ ৫৭ তারিখ: ০২ মাঘ ১৪৩০ / ১৬ জানুয়ারি ২০২৪

অনুলিপিঃসদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ফেনী-০৩,
০২. জেলাপ্রশাসক, ফেনী।
০৩. অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব) ফেনী।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
০৫. উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী।
০৬. মেয়র, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী। তাঁর নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭. উপজেলা......................................................................কর্মকর্তা, দাগনভূঞা, ফেনী।
০৮. চেয়ারম্যান (সকল)......................................................ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।
০৯. জনাব......................................................................
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)..................................পৌর/ ইউনিয়ন ভূমি অফিস, দাগনভূঞা, ফেনী। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. নোটিশ বোর্ড।
১২. অফিস কপি। মাস্টার কপি।

১৬/০১/২৪

মেহরাজ শারবীন
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দাগনভূঞা, ফেনী।